দৈনিক
ইত্তেফাক

তারিখ ২৮ SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬



ঘাটাইল (টাঙ্গাইল) : সামান্য বৃষ্টিতেই পৌরসভাধীন মুকুল একাডেমি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ ও শ্রেণিকক্ষে পানি জমে যায়—**ইত্তেফাক**

# সামান্য বৃষ্টিতেই স্কুলের শ্রেণিকক্ষে হাঁটু পানি

■ ঘাটাইল (টাঙ্গাইল) সংবাদদাতা

সামান্য বৃষ্টিতেই ঘাটাইল পৌরসভাধীন মুকুল একাডেমি উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষে হাঁটু পানি হয়ে যায়। এতে শিক্ষক-শিক্ষার্থীরা পড়ে বিপাকে।

সরেজমিনে গিয়ে দেখা যায়, স্কুল প্রাঙ্গণ থেকে পানি নিষ্কাশনের কোনো ড্রেনেজ ব্যবস্থা নেই। সামান্য বৃষ্টিতে জলাবদ্ধতা দেখা দেয়। এতে শিক্ষার্থীদের দুর্ভোগের সীমা থাকে না। আর এই জলবদ্ধতার সবচেয়ে মারাত্মক দুর্ভোগের শিকার হচ্ছে মুকুল একাডেমি উচ্চ বিদ্যালয়।

এ প্রসঙ্গে পৌর মেয়র শহীদুজ্জামান খান বলেন, 'সমস্যাটি দীর্ঘদিনের। আমি নবনির্বাচিত মেয়র হিসেবে মাত্র কয়েক দিন আগে দায়িত্ব পেয়েছি। সমস্যাটি সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা নিব।' এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক খন্দকার তাহাজ্জত হোসেন জানান, শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য জরুরি ওই সমস্যা সমাধান প্রয়োজন।